

NEWAGE

The outspoken daily

www.newagebd.net

Dhaka, Tuesday, August 23, 2022, Bhadra 8, 1429 BS

NMST organises science exhibition

Staff Correspondent

THE National Museum of Science and Technology organised a mobile science exhibition and space observation at Bangladesh Public Administration Training Centre in Savar on Sunday.

Two 4D movie buses and an observatory bus of the science museum presented different exhibitions were presented modern inventions of science and technology and cosmic creations.

Apart from this, planets and stars were also observed through telescopes at night, said as press release. A total of 213 fresh officers of 10 cadres of the 73rd basic training course of Bangladesh Public Administration Training Centre and BPATC officials participated in it.

কালের কণ্ঠ

মঙ্গলবার | ২৩ আগস্ট ২০২২ | ৮ ভাদ্র ১৪২৯ | ২৪ মহররম ১৪৪৪

বিসিএস কর্মকর্তাদের জন্য বিজ্ঞান জাদুঘরের প্রদর্শনী

২২ আগস্ট, ২০২২ ২১:৫৭ | পড়া যাবে ১ মিনিটে



জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের উদ্যোগে সাভারের বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রে গত রবিবার এক ভ্রাম্যমাণ বিজ্ঞান প্রদর্শনী ও মহাকাশ পর্যবেক্ষণের আয়োজন করা হয়।

এ কর্মসূচিতে বিজ্ঞান জাদুঘরের দুটি চতুর্থ ডাইমেনশনের মুভিং বাস ও একটি অবজারভেটরি বাসের মাধ্যমে বিজ্ঞান ও প্রযুক্তির আধুনিক উদ্ভাবন এবং মহাজাগতিক সৃষ্টি বৈচিত্র্য সমৃদ্ধ নানা বিষয় উপস্থাপন করা হয়। এছাড়া রাতে টেলিস্কোপের মাধ্যমে গ্রহ-নক্ষত্রও পর্যবেক্ষণ করা হয়।

এতে বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের (বিপিএটিসি) ৭৩তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের ১০টি ক্যাডারের মোট ২১৩ জন নবীন কর্মকর্তা এবং বিপিএটিসি'র কর্মকর্তা-কর্মচারীরা অংশগ্রহণ করেন।

এ প্রসঙ্গে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের মহাপরিচালক মোহাম্মাদ মুনির চৌধুরী বলেন, 'বিপিটিসির প্রশিক্ষণের সঙ্গে বিজ্ঞান ও প্রযুক্তির সম্পৃক্ততা আনতে বিজ্ঞান জাদুঘর কর্তৃপক্ষ এ উদ্যোগ নিয়েছে। একাডেমিক প্রশিক্ষণের সঙ্গে বিজ্ঞানের মৌলিক জ্ঞান অর্জন করা আধুনিক প্রশাসনের জন্য অপরিহার্য।'

শিশুদের মোবাইল আসক্তি রোধে বিজ্ঞান জাদুঘরের তাগিদ



শিক্ষার্থীদের পড়াশোনা, বিজ্ঞান চর্চায় এবং উদ্ভাবনী কর্মকাণ্ডে নিয়োজিত করতে শিক্ষক ও অভিভাবকরা ব্যর্থ হচ্ছেন। এ কারণে তরুণ সমাজ মোবাইল ও ইন্টারনেটে আশক্ত হয়ে পড়ছেন বলে মন্তব্য করেছেন জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের মহাপরিচালক মোহাম্মাদ মুনির চৌধুরী।

জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরে আজ রবিবার ‘মোবাইল ফোনের আসক্তি জনিত ক্ষতি’ শীর্ষক বৈজ্ঞানিক বিশ্লেষণধর্মী এক বিজ্ঞান বক্তৃতা ও কুইজ প্রতিযোগিতা অনুষ্ঠানে তিনি এ মন্তব্য করেন।

বিজ্ঞান জাদুঘরের আয়োজনে কুসুমপুর উচ্চ বিদ্যালয়, সিরাজদিখান, মুন্সীগঞ্জ এর শিক্ষার্থীদের নিয়ে এ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

এতে শিক্ষার্থীরা মোবাইল ফোনের অতি ব্যবহারের মাধ্যমে সরাসরি মানব শরীরে সৃষ্ট কিছু ক্ষতিকর দিক সম্পর্কে বিজ্ঞান ভিত্তিক তথ্য উপাত্ত তুলে ধরেন।

মোহাম্মাদ মুনির চৌধুরী বলেন, “পড়াশোনায়, বিজ্ঞান চর্চায় এবং উদ্ভাবনী কর্মকাণ্ডে শিক্ষার্থীদের নিয়োজিত করা শিক্ষক ও অভিভাবকদের গুরু দায়িত্ব। আমরা এ দায়িত্ব পালনে ব্যর্থ হচ্ছি বিধায় তরুণ সমাজ মোবাইল ফোন ও ইন্টারনেটে আশক্ত হয়ে পড়ছে। বিজ্ঞান জাদুঘর বিজ্ঞান বক্তৃতা ও কুইজ প্রতিযোগিতাসহ নানা সৃজনশীল ও মেধা বিকাশের কার্যক্রমে তরুণদের মগ্ন রেখে মোবাইল ফোনের আসক্তি থেকে মুক্ত রাখতে চায়।”

এ ছাড়া শিক্ষার্থীদের জন্য জাদুঘরে ভ্রাম্যমাণ বিজ্ঞান প্রদর্শনীর আয়োজন করা হয় এবং বিজয়ী শিক্ষার্থীদের বিজ্ঞান জাদুঘরের পক্ষ থেকে বৈচিত্র্যপূর্ণ স্মারক উপহার প্রদান করা হয়।